# জি-পেথিডিন ইনজেকশন

**(পেথিডিন হাইড্রোক্লোরাইড বিপি)**

**উপস্থাপন :**

**জি-পেথিডিন ইনজেকশন, ১ মিঃ লিঃ**

প্রতিটি ১ মিলি এম্পুলে রয়েছে : ৫০ মিঃ গ্রাঃ পেথিডিন হাইড্রোক্লোরাইড বিপি।

**জি-পেথিডিন ইনজেকশন, ২ মিঃ লিঃ**

প্রতিটি ২ মিলি এম্পুলে রয়েছে : ১০০ মিঃ গ্রাঃ পেথিডিন হাইড্রোক্লোরাইড বিপি।

**বিবরণ :**

জি-পেথিডিন ইনজেকশনের মূল উপাদান হচ্ছে পেথিডিন হাইড্রোক্লোরাইড বিপি। এটি ফিনাইল পাইপিরিডিন হতে উদ্ধৃত একটি সংশ্লেষিত আফিম জাতীয় ব্যথানাশক উপাদান। এর কার্যকারিতা ও ব্যবহার মরফিনের ন্যায় কিন্তু এটি শরীরে অধিকতর দ্রুত কার্য আরম্ভ করে এবং এর কার্যকারিতা মরফিনের চেয়ে ক্ষণস্থায়ী।

**ব্যবহার :**

জি-পেথিডিনের ব্যথানাশক, প্রশান্তিদায়ক, খিঁচুনীরোধী এবং স্থানীয় অনুভূতিনাশক ক্রিয়া রয়েছে। এটি প্রসবজনিত বেদনানাশক এবং মাঝারি হতে তীব্র অধিকাংশ বেদনা দূরীকরণে ব্যবহৃত হয়। এটি অস্ত্রোপচার পূর্ববর্তী ওষুধ হিসেবে এবং অনুভূতিনাশের অনুবন্ধ উপাদান হিসেবেও ব্যবহৃত হয়। পেথিডিনের বেদনানাশক ক্রিয়া সচরাচর ২ হতে ৪ ঘণ্টা ব্যাপী স্থায়ী হয়।

**মাত্রা ও প্রয়োগবিধি :**

জি-পেথিডিন মাংসপেশীতে, ত্বকের নীচে কিংবা খুব ধীরে শিরার মধ্যে ইনজেকশন হিসেবে ব্যবহার করার উপযোগী। ব্যথানাশের জন্য ২৫-১০০ মিলিগ্রাম পেথিডিন মাংসপেশীতে কিংবা ত্বকের নীচে এবং ২৫-৫০ মিলিগ্রাম খুব ধীরে শিরার মধ্যে ইনজেকশন হিসেবে প্রয়োগ করা যেতে পারে। প্রসবকালীন অবস্থায় বেদনানাশক হিসেবে ৫০-১০০ মিলিগ্রাম মাংসপেশীতে কিংবা ত্বকের নীচে ইনজেকশন হিসেবে প্রয়োগ করা যেতে পারে।

**পার্শ্ব প্রতিক্রিয়া :**

স্বাভাবিক মাত্রায় সবচেয়ে বেশীর ভাগ রোগীর ক্ষেত্রে যে পার্শ্ব প্রতিক্রিয়া সমূহ দেখা যায় তা হলো বমিভাব, বমি, কোষ্ঠকাঠিন্য, ঝিমুনী ও বিভ্রান্তি। ঘন ঘন প্রস্রাব, মুখ শুকিয়ে যাওয়া, ঘাম দেয়া, লালচে মুখমণ্ডল, শিরঃঘূর্ণন, ব্রেডিকার্ডিয়া, বুক ধড়ফড় করা, হাইপোথার্মিয়া, অস্থিরতা, ভাবপরিবর্তন এবং মাইয়োসিসও দেখা দিতে পারে।

**বিধি নিষেধ :**

বৃক্কের তীব্র/ব্যাপক বৈকল্যে এটি ব্যবহার করা যাবে না।

**গর্ভাবস্থা ও দুগ্ধ প্রদানকালীন অবস্থায় ব্যবহার :**

গর্ভাবস্থায় পেথিডিন ব্যবহারে গর্ভস্থ শিশুর শ্বাসপ্রশ্বাসের কষ্ট হতে পারে। পেথিডিনে নির্ভরশীল মায়েদের পেথিডিন দেয়া বন্ধ করলে গর্ভস্থ শিশুর উপর ইউথড্রল ইফেক্ট দেখা দিতে পারে। পেথিডিন ব্যবহারে গর্ভাবস্থায় পাচকরস বন্ধ হতে পারে।

**সতর্কতা :**

যে সকল রোগীদের আইসোকার্বোক্সাসিড, নিয়ালামাইড, ফিনেলজিন জাতীয় মনোঅ্যামিন অক্সিডেজ ইনহিবিটর দ্বারা চিকিৎসা করা হচ্ছে, তাদের ক্ষেত্রে পেথিডিন দেয়া উচিত নয়। এসব ওষুধ দ্বারা চিকিৎসা শেষ হওয়ার অন্ততঃ ২ সপ্তাহ পর্যন্ত পেথিডিন দেয়া উচিত নয়। এটি মেপ্রোবামেট এর সাথে একত্রে ব্যবহার করা উচিত নয়, কারণ সেক্ষেত্রে নিম্ন রক্তচাপের সৃষ্টি হতে পারে।

**নির্ভরশীলতা :**

জি-পেথিডিন ব্যবহারে কিছু সংখ্যক রোগীর ক্ষেত্রে আনন্দজনক অনুভূতির (ইউফোরিয়া) সৃষ্টি করতে পারে এবং পরবর্তীতে মরফিনের অনুরূপ নির্ভরশীলতা সৃষ্টি করতে পারে।

**ড্রাগ ইনটারঅ্যাকশন :**

সিমেটিডিন গ্রহণকালে পেথিডিন ব্যবহার করলে রক্তের ঘনত্ব বেড়ে যায়।

**প্যাকিং :**

**জি-পেথিডিন ইনজেকশন, ১ মিঃ লিঃ**

১ মিলি X ৫, ১ মিলি X ১০ ও ১ মিলি X ১০০ এম্পুল।

**জি-পেথিডিন ইনজেকশন, ২ মিঃ লিঃ**

২ মিলি X ৫, ২ মিলি X ১০, ২ মিলি X ২৫ ও ২ মিলি X ১০০ এম্পুল।

দেশের স্বাস্থ্যের জন্যে

CERTIFIED ISO 9001 2015 COMPANY

**প্রস্তুতকারক :**

**গণস্বাস্থ্য ফার্মাসিউটিকেলস্ লিঃ**

মির্জানগর ভায়া সাভার ক্যান্টঃ, সাভার, ঢাকা-১৩৪৪, বাংলাদেশ